

08.02.2024

667/Beng(N)

UG/5th Sem/BNGG-DSE-T-1/23

২০২৩

বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেসিফিক ইলেকটিভ (DSE)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)
পঞ্চম সেমেস্টার

কোর্স কোড : BNGG-DSE-T-1

(কাব্যতত্ত্ব, সাহিত্যতত্ত্ব ও সাহিত্য সমালোচনা)
(নতুন পাঠক্রম)

পূর্ণমান : ৬০

সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রদর্শন নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০
- ক) “সৌন্দর্য্য অলংকার” - এটি কার উক্তি? ধ্বনিবাদের প্রবক্তা কে?
- খ) “করণ রস” কাকে বলে? তার স্থায়ীভাব কী?
- গ) অভিনব গুপ্ত কোন্ শতাব্দীর আলংকারিক? কাব্য নির্মাণ কৌশলের ভাবগুলির নাম লেখো।
- ঘ) “ক্লাসিসিজম” এর বাংলা পরিভাষা কী? দুটি বাংলা ক্লাসিক কাব্যের নাম লেখো।
- ঙ) কোন গ্রন্থ প্রকাশের সঙ্গে সঙ্গে ইংরাজী সাহিত্যে রোমান্টিক যুগের প্রবর্তন ঘটে?
- চ) বাংলা ভাষায় প্রথম সার্থক রোমান্টিক কবি কে? আধুনিক বাংলা সাহিত্যে রোমান্টিসিজমের প্রকাশ প্রথম কোন্ কাব্যে ঘটে?
- ছ) “রিয়ালিজম”-এর দৃষ্টান্ত কি মধ্যযুগের বাংলা সাহিত্যে পাওয়া যায়? সেটা কোথায়-একটি গ্রন্থের নামসহ লেখো।
- জ) ‘ন্যাচারালিজম’-এর বাংলা প্রতিশব্দ কী? রবীন্দ্রনাথ ন্যাচারালিজম অর্থে কোন্ শব্দ ব্যবহার করেছেন?
- ঝ) “বিদ্যাপতি ও জয়দেব” প্রবন্ধটির মূল উৎস কী? মূল গ্রন্থের প্রকাশকাল লেখো।

[পরপৃষ্ঠায়]

- এ) বঙ্কিমচন্দ্র বাংলার কোন্ কবিকে গীতিকাব্য প্রণেতা বলেছেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?
- ট) রবীন্দ্রনাথের কোন্ কাব্যে প্রথম “রৌদ্রী রাগিনীর দীক্ষা” স্পষ্ট হয়েছে বলে মনে করেছেন প্রাবন্ধিক?
- ঠ) রবীন্দ্রনাথের কাব্য সাহিত্য সম্পর্কে বুদ্ধদেব বসুর মত কী ছিল?
- ড) রবীন্দ্র জীবনদর্শন যা গীতাঞ্জলি পর্বের কবিতায় প্রকাশিত সে সম্পর্কে সাধারণ মানুষের অভিব্যক্তি কেমন?
- ঢ) বাংলা সাহিত্যে নিউ ক্লাসিক যুগের সূত্রপাত কোন্ কবির কোন্ কাব্যের মাধ্যমে হয়েছিল?
- ণ) সাধারণীকরণ বলতে কী বোঝ?
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও: $৫ \times ৪ = ২০$
- ক) “যা শ্রেষ্ঠ কাব্য তার প্রকৃতিই হচ্ছে বাচ্যকে ছাড়িয়ে যাওয়া” — সংক্ষেপে আলোচনা করো।
- খ) “বাক্যং রসাত্মক কাব্যং” বলতে কী বোঝো?
- গ) রোমান্টিসিজম ও ক্লাসিসিজম-এর প্রাসঙ্গিক পার্থক্যগুলি উল্লেখ করো।
- ঘ) রিয়ালিজম এর উদ্ভব কোন্ শতকে কোথায় ঘটেছিল? রিয়ালিজমের ক্রমবিকাশ সম্বন্ধে যা জানো লেখো।
- ঙ) রবীন্দ্রকাব্যে “Sense of evil” কি সত্যিই অনুপস্থিত বা অত্যন্ত ক্ষীণ? — উক্তিটির সত্যতা বিচার করো।
- চ) কোন্ কোন্ কবিওয়ালার রচনা গীতিকবিতা হিসাবে অতি সুন্দর বলে মনে করেন প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্র? মূল প্রবন্ধ অবলম্বনে সংক্ষেপে আলোচনা করো।
- ৩। যে-কোনো দু'টি প্রশ্নের উত্তর দাও: $১০ \times ২ = ২০$
- ক) “কাব্যরসের আধার কাব্যও নয়, কবিও নয়— সহৃদয় কাব্য পাঠকের মন”— আলোচনা করো।
- খ) ন্যাচারালিজম বলতে কী বোঝ? এর বৈশিষ্ট্য সম্পর্কে যা জানো লেখো।
- গ) ‘বঙ্গীয় গীতিকাব্য লেখকদিগকে দুই দলে বিভক্ত করা যাইতে পারে’। ‘বিদ্যাপতি ও জয়দেব’ প্রবন্ধে বঙ্কিমচন্দ্রের মন্তব্যের তাৎপর্য বিশ্লেষণ করো।
- ঘ) রবীন্দ্র কাব্যদর্শন সম্পর্কে প্রাবন্ধিক আবু সয়ীদ আইয়ুবের দৃষ্টিভঙ্গী মূল প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো।